



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬
www.nimc.gov.bd



Training on Modern Broadcast Technology

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ৩০ সেপ্টেম্বর থেকে ২৫ অক্টোবর ২০১৮ মেয়াদে ০৪ (চার) সপ্তাহব্যাপী **Modern Broadcast Technology** কোর্স আয়োজন করতে যাচ্ছে।


Modern Broadcast Technology কোর্সে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদের স্নাতক পাশ হতে হবে। বিজ্ঞানে স্নাতক প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা প্রকৌশলীগণ আবেদন করতে পারবেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ২০০/- (দুই শত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনফরম সংগ্রহ ও জমা করা যাবে।

আবেদন ফরমের সাথে আবেদনকারীর পাসপোর্ট আকারের দুই কপি রজিন সত্যায়িত ছবি এবং প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সর্বশেষ সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। ইনস্টিটিউটের ওয়েবসাইট www.nimc.gov.bd থেকেও অনলাইনে আবেদন করা যাবে।

পাঠ্যধারাটিতে Broadcasting Chain, Digital Communication, Theory on Digital TV (HDTV), IPTV, CATV. Distribution of Fiber to home, Optical FDM, OTDM, WDM Technology & Application. Automation of TV Station and Archiving, Modern Outdoor Broadcasting, Design, Planning of Modern Broadcasting Station, Brief On Satellite Communication, DRM, DAB or FM, Electromagnetic Wave and Antenna ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ১৪ আগস্ট ২০১৮ রোজ মঙ্গলবার। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং সাক্ষাৎকারের জন্য মনোনীত প্রার্থীদের আগামী ০৫ সেপ্টেম্বর ২০১৮ রোজ বুধবার পূর্বাহ্নে ১১.০০ ঘটিকায় এ ইনস্টিটিউটে রিপোর্ট করতে হবে। এজন্য কোন প্রকার টিএ ডিএ দেয়া হবে না।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রার্থী নির্বাচনের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


৫/৬/২০১৮

(মোহাম্মদ আবু সাদেক)

উপ পরিচালক

ও

পাঠ্যধারা পরিচালক

sadique.nimc@gmail.com